বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ-২২০১

স্মারক নং:৩৩.০৪.০০০.১০৫.৭৫.০০২.১৫/৮৪ তারিখঃ ২২/৫/২১

বিষয়ঃ বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের ইনোভেশন টিমের বার্ষিক প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের ইনোভেশন টিমের বার্ষিক প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(ড. ইয়াহিয়া মাহমুদ)
মহাপরিচালক (চ. দা.)
ফোনঃ ০৯১৬৫৮৭৪

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, প্রশাসন-২ অধিশাখা)

ফোন : ০৯১-৬৫৮৭৪, ফ্যাক্স : ০৯১-৬৬৫৫৯, ই-মেইল : dgbfri@gmail.com; info@fri.gov.bd, ওয়েব : www.fri.gov.bd

ইনোভেশন টিম
বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

বাৎসরিক প্রতিবেদন
২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ-২২০১
www.fri.gov.bd

১. পটভূমিঃ

ইনোভেশন মানে নতুনের প্রবর্তন। বর্তমান সরকার জনগনের দোরগোড়ায় সেবা সহজে পৌঁছে দেয়ার লক্ষ্যে ইনোভেশন কার্যক্রম গ্রহণ করেছে। সরকার-সরকার এবং সরকার-জনগণকে সামনে রেখে ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। সরকারী কর্মচারীদের দক্ষতা, মেধা ও মনন ব্যবহার করে এ্যানালগ ও ডিজিটাল পদ্ধতিতে সেবা সহজীকরণ করে জনগণের সামনে সরকারের আন্তরিকতার প্রতিফলনই হচ্ছে ইনোভেশন।

২. ইনোভেশন টিম গঠন ঃ

মন্ত্রীপরিষদ কর্তৃক নির্দেশনার ভিত্তিতে ইনস্টিটিউটের সদর দপ্তরে ৪(চার) সদস্য বিশিষ্ট একটি ইনোভেশন টিম গঠন করা হয়েছে। ইনোভেশন টিমের সদস্যগণের তথ্যাদি নিম্নরূপঃ

নাম	পদবী	মোবাইল ও ইমেইল
ড. মোঃ নুরুল্লাহ	পরিচালক (গবেষণা ও পরিকল্পনা) (অঃ দাঃ) ও চিফ ইনোভেশন অফিসার সদর দপ্তর, ময়মনসিংহ	01711045889 nurullahbfri@yahoo.com
ড. মো. খলিলুর রহমান	পরিচালক (প্রশাসন ও অর্থ) (অঃ দাঃ) ও সদস্য, ইনোভেশন টিম সদরদপ্তর, ময়মনসিংহ	01711726093 krahman2863@yahoo.com
ড. শ্যামলেন্দু বিকাশ সাহা	মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা প্লানিং এন্ড ইভ্যালুয়েশন ডিভিশন ও সদস্য, ইনোভেশন টিম সদরদপ্তর, ময়মনসিংহ	01715169048 sbikashsaha@yahoo.com
মোহাম্মদ শহিদ উল্যাহ	সিষ্টেম এনালিষ্ট ও সদস্য সচিব, ইনোভেশন টিম সদরদপ্তর, ময়মনসিংহ	01813226766 teknilpan@gmail.com

এছাড়া ইনস্টিটিউটের ইনোভেশন টিম যে সকল সভা আহবান করেছে তার কার্যবিবরণী ইনস্টিটিউটের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

ইনোভেশন টিমের কার্যপরিধিঃ

- স্ব স্ব কার্যালয়ের সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনা;
- এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;
- প্রতি মাসে টিমের সভা অনুষ্ঠান, কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- মন্ত্রণালয় /বিভাগ/দপ্তর/কেন্দ্র/উপকেন্দ্র পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন এবং
- প্রতি বৎসরের ৩১শে জানুয়ারীর মধ্যে পুর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, মন্ত্রী পরিষদ বিভাগে প্রেরণ এবং স্বীয় ওয়েবসাইটে প্রকাশ করা।

৩. ডিজিটাল উদ্ভাবনী মেলাঃ

মাননীয় প্রধানমন্ত্রী কার্যালয়ের নেতৃত্বে এটুআই প্রকল্পের মাধ্যমে সর্বস্তরের জনগণের মধ্যে আইসিটি ও উদ্ভাবনী কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধি ও কাজকর্মে উদ্ভাবনকে উৎসাহিত করার উদ্দেশ্যে ৯/২/২০১৫ তারিখ হতে ১২/০২/২০১৫ তারিখ পর্যন্ত ৪ (চার) দিন ব্যাপী বঙ্গবন্ধু আর্ন্তজাতিক সম্মেলন কেন্দ্রে ডিজিটাল উদ্ভাবনী মেলার আয়োজন করে। ইনস্টিটিউট ও ইনোভেশন টীমের

Smilah.

সদস্যগণ উক্ত মেলায় অংশগ্রহণ করে। তাছাড়া, জাতীয় পর্যায়ে সরকারী ও বেসরকারি অফিস, বিভিন্ন প্রতিষ্ঠান এবং এনজি উক্ত মেলায় অংশগ্রহণ করে।

৪. **সদরদপ্তর,কেন্দ্র ও উপকেন্দ্র পর্যায়ে ইনোভেশন কার্যক্রমঃ**

ক্রম	ধারণা উপস্থাপনকারীর নাম	ধারণা	উদ্দেশ্য	বর্তমান অবস্থা	পরামর্শদাতার নাম	মন্তব্য
১	মোঃ এনামুল হক হিসাব রক্ষক সদরদপ্তর, ময়মনসিংহ	পেনশন হিসাব সহজীকরণ	ইনস্টিটিউটের সকল কেন্দ্র ও উপকেন্দ্রের কর্মকর্তা/কর্মচারীর সিপিএফ হিসাব সহজীকরণের জন্য একটি আইসিটি ভিত্তিক এ্যাপস তৈরী	এ্যাপস তৈরী করা হয়েছে। বর্তমানে পরিক্ষা- নীরিক্ষা চলছে	মোহাম্মদ শহিদ উল্যাহ, সিস্টেম এনালিষ্ট, সদরদপ্তর, ময়মনসিংহ	ইনস্টিটিউটের নিজস্ব অর্থায়নে এ্যাপসটি তৈরী করা হয়েছে।
২	ইনোভেশন টিম	E-Service for Water, Pesticides & Feed Quality Testing in BFRI	প্রান্তিক মৎস্যজীবি ও উদ্যোক্তাদের মৎস্য চাষে উদ্বুদ্ধ করা। এক্ষেত্রে মৎস্যজীবি ও উদ্যোক্তাদের পুকুরের পানি, মৎস্য খাদ্য ও রাসায়নিক দ্রব্যদির মান পরীক্ষা করে দ্রুততম সময়ে ফলাফল প্রদান করা।	প্রসেস ম্যাপ ও খরচ সম্বলিত প্রতিবেদন তৈরীর জন্য ইনস্টিটিউটের সিস্টেম এনালিষ্টকে দায়িত্ব প্রদান করা হয়েছে। প্রতিবেদন তৈরীর পর পরবর্তী কার্যক্রম সম্পন্ন করা হবে।	মোহাম্মদ শহিদ উল্যাহ, সিস্টেম এনালিষ্ট, সদরদপ্তর, ময়মনসিংহ	প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে এ্যাপসটি বাস্তবায়ন করা হবে।

৫. **ইনস্টিটিউটের সদরদপ্তরের ইনোভেশন কমিটির সিদ্ধান্ত ও বাস্তবায়নঃ**

- ২০১৪-১৫ অর্থবছরে ৩(তিন)টি মাসিক সভা অনুষ্ঠিত হয় যার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
- বার্ষিক আইসিটি কর্মপরিকল্পনা তৈরী করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ইনস্টিটিউটের ওয়েবসাইটেও প্রকাশ করা হয়েছে।
- বর্তমান সরকারের চাহিদা অনুযায়ী তথ্য প্রাপ্তি সহজীকরণের জন্য তথ্য প্রদানকারী কর্মকর্তা নির্ধারণ করা হয়েছে। এ বিষয়ে ইনস্টিটিউটের তথ্য অধিকার নীতিমালাও তৈরী করা হয়েছে যা ইনস্টিটিউটের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। তাছাড়া ইনস্টিটিউটের সদর দপ্তরের সম্মুখে ১টি অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে।
- ইনোভেশনের অন্যতম লক্ষ্য হচ্ছে সেবা সহজীকরণ। এলক্ষ্যে, ইনস্টিটিউটের হিসাব শাখার সিপিএফ হিসাব সহজীকরণের জন্য ১টি এ্যাপস তৈরী করা হয়েছে।
- ইনস্টিটিউটের নাগরিক সনদ নতুন ফরমেটে মুদ্রণ করে সদরদপ্তরের সম্মুখে স্থাপন করা হয়েছে। বিভিন্ন কেন্দ্র ও উপকেন্দ্রে নতুন ফরমেটে নাগররিক সনদ স্থাপনের কাজ অব্যাহত রয়েছে।
- যেকোন প্রতিষ্ঠানের কার্যক্রম ও এর অগ্রগতি জনগনের সামনে তুলে ধরার জন্য বর্তমানে সোসাল মিডিয়া একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। সোসাল মিডিয়া(ফেসবুক) এ BFRI নামে এ ১টি পেজ খোলা হয়েছে। এতে ইনস্টিটিউটের সকল কেন্দ্র ও উপকেন্দ্রের কর্মকর্তা/কর্মচারীদের অর্ন্তভুক্তির মাধ্যমে বিএফআরআই এর কর্মকান্ড জনগণের সামনে তুলে ধরা হচ্ছে।

Sullah.